

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
আরবান প্ল্যানিং  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৩৬

তারিখ: ২২ চৈত্র ১৪২৮

০৫ এপ্রিল ২০২২

বিষয়: রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সংশোধিত সাইট অনুযায়ী ২নং ওয়ার্ড কার্যালয় কাম কমিউনিটি সেন্টার নির্মাণার্থে মোট ০.৩৩০০ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তি প্রদান প্রসঙ্গে

সূত্র: ১. রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারকঃ ৪৬.১২.০০০০.০০৬.১৪.২২৫.২০২০.৫২৬

তারিখঃ ০৮/০৩/২০২২

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সংশোধিত সাইট অনুযায়ী ২নং ওয়ার্ড কার্যালয় কাম কমিউনিটি সেন্টার নির্মাণার্থে মোট ০.৩৩০০ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্রের জন্য আবেদন করেছেন।

## প্রস্তাবিত ভূমির তফসিল নিম্নরূপঃ

জেলাঃ রাজশাহী থানাঃ পবা, মৌজাঃ হড়গ্রাম, জে, এল, নং-৫১

ক্র.নং	আর,এস,দাগ নং	আর, এস, খতিয়ান নং	শ্রেণী	ভূমির পরিমাণ (একর)
১	১২৭৮, ১২৭৯, ১২৯৮	৪৩২, ৩৬১, ৮৮৫/১, ১	ধানী	০.৩৩০০

সরজমিনে পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে, প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে একটি সেমিপাকা ভবন ও একটি দ্বিতল পাকা আবাসিক ভবন এবং কিছু ফলজ বৃক্ষ বিদ্যমান। সাইটের চৌহদ্দির উত্তরে বিপিএসসির প্রস্তাবিত সাইট ও একটি পুকুর এবং দক্ষিণে রাস্তা বিদ্যমান। পূর্বে “দারুশা-কোর্ট স্টেশন রোড” এবং পশ্চিমে আবাসিক বাড়ি ঘর ও একটি বড় পুকুর বিদ্যমান। Metropolitan Development Plan RMDP (2004-2024) পর্যালোচনা করে দেখা যায়, প্রস্তাবিত ভূমির বিদ্যমান ভূমি ব্যবহার হিসেবে Business and Mercantile, Residential/Homestead এবং Water Body ও প্রস্তাবিত ভূমি ব্যবহার হিসেবে Mixed Use এবং Residential/Homestead হিসেবে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সংশোধিত সাইট অনুযায়ী ২নং ওয়ার্ড কার্যালয় কাম কমিউনিটি সেন্টার নির্মাণার্থে জন্য পবা উপজেলার হড়গ্রাম মৌজার প্রস্তাবিত দাগে সরজমিনে পরিদর্শন প্রতিবেদন, Rajshahi Metropolitan Development Plan RMDP (2004-2024) পর্যালোচনা এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত মোট ০.৩৩০০ একর জমি অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

## শর্তাবলী


১. প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে
২. প্রস্তাবিত সাইটে বিদ্যমান বা সংলগ্ন কোন জলাধার (Water Body) বিনষ্ট বা ভরাট না করে উহা সংরক্ষণ করতে হবে
৩. প্রস্তাবিত সাইটের পূর্বপাশে বিদ্যমান রাস্তাটি (“দারুশা-কোর্ট স্টেশন রোড”) যদি ভবিষ্যতে প্রশস্তকরণের প্রয়োজন হয় সে লক্ষ্যে প্রস্তাবিত সাইটের অভ্যন্তরের দিকে ন্যূনতম এক লেন সমপরিমাণ জায়গা সংরক্ষণ করে স্থাপনা নির্মাণ করতে হবে।
৪. উক্ত সাইট সংলগ্ন রাস্তায় কোন অবস্থাতেই যেন যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সংশোধিত সাইট অনুযায়ী ২নং ওয়ার্ড কার্যালয় কাম কমিউনিটি সেন্টার নির্মাণার্থে জন্য প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতীত অন্য কোন

মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. পরিদর্শন প্রতিবেদন
০২. প্রস্তাবিত ভূমি চিহ্নিত নকশা
০৩. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার বিদ্যমান ভূমি ব্যবহার ম্যাপ
০৪. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ
০৫. প্রস্তাবিত এলাকার Google Map



১০-৪-২০২২

মো: মাহমুদ হোসেন  
সিনিয়র প্ল্যানার


এ.বি.এম. শরীফ উদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি  
কর্পোরেশন, পূর্ত বিভাগনগর ভবন, রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৩৬/১(৫)

তারিখ: ২২ চৈত্র ১৪২৮  
০৫ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



১০-৪-২০২২

মোহসিনাত নাসরিন  
প্ল্যানার